অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

অধিবেশন শেষ হওয়ার আগে প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা নিষিদ্ধকরণের প্রচারণা শুরু করলেন গভর্নর কুওমো

প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে বৈধতা দান সমলিঙ্গের দম্পতি এবং বন্ধ্যাত্ব এবং বন্ধ্যাত্বের শিকার দম্পতিদের সহায়তামূলক প্রজননের মাধ্যমে সন্তান ধারণের সুযোগ করে দেবে

সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা নিষিদ্ধকরণ সহিংস অপরাধে অভিযুক্ত ব্যক্তিদের আদালতে সম্ভাব্য প্রতিরক্ষার কৌশল হিসাবে সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কের ব্যবহার প্রতিরোধ করবে

উভয় প্রস্তাব গভর্নরের নির্বাহী বাজেটের অংশ হিসাবে এগিয়ে নেয়া হয়

নতুন অভিযানের ওয়েবসাইট দেখুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো 19 জুন অধিবেশন শেষ হওয়ার আগে প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা নিষিদ্ধকরণের লক্ষ্যে আজ এক প্রচারণা শুরু করেন। উভয় বিল গভর্নরের FY 2020 নির্বাহী বাজেটে প্রস্তাব করা হয়, তবে আইন পরিষদে তা গৃহীত হয়নি, এবং বাজেটের বাইরে অধিবেশনের অবশিষ্ট সময়ে তা বিবেচনার জন্য অনিষ্পন্ন রাখা হয়। প্রচারণার জন্য নিবেদিত একটি ওয়েবসাইট দেখা যাবে এখানে।

"এই দু'টি সবচেয়ে ন্যক্কারজনক সমস্যা যা আমাদের সংশোধন করতে হবে। প্রথম সমস্যা হল সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা সম্পর্কিত। আমাদের বর্তমান আইন অনুসারে কেউ এই মর্মে ফৌজদারি মামলা করতে পারে যে, সংশ্লিষ্ট ব্যক্তি যে সমকামী বা ভিন্ন লিঙ্গ এটা দেখার পর সে আবেগগতভাবে এতটা বিরক্ত হয়েছিল যে সে তার কর্মের জন্য পুরোপুরি দায়ী নয়। এর মাধ্যমে সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্ককে প্রাতিষ্ঠানিকীকরণ এবং আইনানুগ করা হয়েছে এবং এটা ন্যক্কারজনক যে তা এখনও বহাল রয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "দ্বিতীয় বিদ্যমান আইন যা বাতিল করতে হবে তা হল প্রতিনিধিত্বমূলক গর্ভধারণে বাধা। এই মুহূর্তে কোনো সমকামী বা বন্ধ্যা দম্পতি সন্তান জন্ম দিতে চাইলে 47 টি অঙ্গরাজ্যে আপনি গর্ভধারণ করে জন্মদানের জন্য কোনো নারীর সঙ্গে চুক্তিবদ্ধ হতে পারেন - কিন্তু নিউইয়র্কে তা পারেন না। আইনসভার অধিবেশন শেষ হওয়ার আগে আমাদেরকে এ দু'টি অবমাননাকর বিষয়ের অবসান ঘটাতে হবে যা আমাদের বিশ্বাস এবং পরিচয়ের সাথে বিরোধপূর্ণ এবং LGBTQ কমিউনিটির প্রতি অবিচার স্বরূপ।"

"নিউইয়র্ক হল LGBTQ এর অধিকার আন্দোলনের সূতিকাগার, এবং আমরা আমাদের প্রচেষ্টার মাধ্যমে সবার সমান অধিকার এবং সুরক্ষার পথে নেতৃত্ব দিচ্ছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "লিঙ্গ প্রকাশে বৈষম্যহীনতা আইন (Gender Expression Non-Discrimination Act, GENDA) এবং রূপান্তর থেরাপি নিষিদ্ধ করার বিধান এখন অঙ্গরাজ্যের আইন হওয়ায় আমরা ন্যায়বিচার ও সমতা নিশ্চিত করতে দক্ষেপ গ্রহণ করছি - তবে আমাদের কাজ এখনো শেষ হয়নি। প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা নিষিদ্ধকরণ LGBTQ ব্যক্তিদেরকে তাদের পরিবার সম্প্রসারণে এবং ঘৃণা ও সহিংসতা থেকে তাদের সুরক্ষা নিশ্চিত করায় আমাদের প্রচেষ্টাকে আরও জোরদার করবে।"

প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে বৈধতা দান

প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে বৈধতা দান সমলিঙ্গের এবং বন্ধ্যা দম্পতিদের অগ্রসর চিকিৎসা দ্বারা সহায়তামূলক প্রজননের মাধ্যমে সন্তান ধারণের সুযোগ প্রদান করে। অঙ্গরাজ্যের বর্তমান আইন কেবল প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে নিষিদ্ধ করে না, বরং প্রজনন প্রযুক্তির মাধ্যমে সন্তান জন্মের ক্ষেত্রে আইনি পিতামাতা কে তা পরিষ্কারভাবে ব্যাখ্যা করতে ব্যর্থ হয়। নিউইয়র্কের প্রজনন স্বাস্থ্য আইনের অন্তর্ভুক্তি সম্প্রসারণে গভর্নর FY 2020 নির্বাহী বাজেটে প্রতিনিধিত্বমূলক গর্ভধারণ চুক্তির নিষেধাজ্ঞা তুলে নিয়ে আইন প্রণয়নের প্রস্তাব করেছিলেন যা সমস্ত পক্ষের জন্য সুরক্ষাও নিশ্চিত করবে।

সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত প্রতিরক্ষা নিষিদ্ধকরণ

বর্তমান সমকামী এবং ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা LGBTQ ব্যক্তিদের বিরুদ্ধে সহিংস অপরাধের জন্য দায়ী ব্যক্তিদেরকে কম শাস্তি প্রাপ্তির সুযোগ করে দেয় এবং এমনকি কিছু ক্ষেত্রে ভুক্তভোগী ব্যক্তির প্রকৃত বা অনুভূত যৌন অভ্যাস বা লিঙ্গ পরিচিতির উপর দোষারোপ করে দোষী সাব্যস্ত হওয়া থেকে তাকে রেহাই প্রদান করে। এই বিলের উত্তরণ অঙ্গরাজ্যের আইনের ফাঁক-ফোকর বন্ধ করে দেবে, যা বর্তমানে সংশ্লিষ্ট ব্যক্তিদের ভুক্তভোগী ব্যক্তির লিঙ্গ, লিঙ্গ পরিচয়, বা যৌন অভ্যাস সম্পর্কে ধারণা লাভের, বা জানার পর সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা ব্যবহার করে অন্যকে আক্রমণ করার অনুমোদন বন্ধ করে দেবে।

নিউইয়র্ক সিটি সহিংসতা-বিরোধী প্রকল্পের (New York City Anti-Violence Project) নির্বাহী পরিচালক বেভারলি টিলারি বলেন, "গভর্নর কুওমো'র নেতৃত্বে অঙ্গরাজ্য জুড়ে LGBTQ জনগণের আইনি সুরক্ষা নিশ্চিত করার লড়াইয়ের পক্ষে অগ্রণী ভূমিকা রেখেছে নিউ ইয়র্ক। আমরা যেসব অগ্রগতি অর্জন করেছি তা সত্ত্বেও এখনও অনেক কিছু করার রয়েছে। এখন প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে বৈধতা দানে এবং সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা চিরতরে নিষিদ্ধকরণের লড়াইয়ে আমি গভর্নরের সাথে রয়েছি। সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা দাবি করার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তিরা ভুক্তভোগীকে কেবলমাত্র তাদের পরিচয়ের কারণে দোষী করে নিজেদের সহিংসতাকে যুক্তিযুক্ত করে তুলছে। আমরা আমাদের আদালতে এই সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত প্রতিরক্ষা ব্যবহার করাটা সহ্য করতে পারি না। এসব বিল অঙ্গরাজ্য জুড়ে নিউইয়র্কের জীবনযাপন প্রক্রিয়া বদলে দেবে, তবে আইনসভার নিষ্ক্রিয়তায় দুঃখজনক সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত প্রতিরক্ষা বহাল থাকবে এবং সমলিঙ্গের দম্পতিরা প্রতিনিধিত্বমূলক গর্ভধারণের ব্যাপারটি দেখে আবারও হতাশ হবে। আমাদের অঙ্গরাজ্যের যৌন অভ্যাস বা লিঙ্গ পরিচয় নির্বিশেষে

সবার জন্য ন্যায়বিচার প্রতিষ্ঠার কাজ এগিয়ে নেয়ার ক্ষেত্রে জাতীয় নেতৃত্ব প্রদান অব্যাহত রাখতে আমাদের অবশ্যই এই পদক্ষেপ নিতে হবে।"

গ্রেটার নিউ ইয়র্কের LGBT বার অ্যাসোসিয়েশনের (LGBT Bar Association of Greater New York) বোর্ড সভাপতি এবং জাতীয় ট্রান্স বার অ্যাসোসিয়েশনের (National Trans Bar Association) পরিচালনা বোর্ডের সহ-সভাপতি ক্রিস্টেন প্রাটা ব্রাউড বলেন, "ওয়াশিংটনের শত্রুতা সত্ত্বেও এখানে নিউইয়র্কে এ বছর আমরা সমতার জন্য লড়াইয়ে বিশাল অগ্রগতি করেছি। কিন্তু এমনকি আমাদের অঙ্গরাজ্যেও এখন পর্যন্ত বৈষম্যকে সত্যিকার অর্থে সহায়তাকারী আইন বিদ্যমান, যা আমাদেরকে পশ্চাতে ধরে রাখে। প্রতিনিধিত্বমূলক গর্ভধারণের উপর নিষেধাজ্ঞা সব ধরনের অভ্যাস সম্পন্ন প্রেমময় এবং আশাবাদী দম্পতিদের স্বপ্ন ভেঙ্গে দিয়ে এবং তাদের উপর আরও বোঝা চাপিয়ে সন্তান ধারণের একটি কার্যকর বিকল্প বাস্তবায়ন বাধাগ্রস্ত করে। সমস্ত নিউইয়র্কবাসীরকে অবশ্যই তাদের পরিবার থাকার ক্ষেত্রে উৎসাহিত করা উচিত। আইনি প্রতিনিধিত্বমূলক গর্ভধারণের মাধ্যমে আমরা তাদেরকে এই লক্ষ্য অর্জনে সহায়তা করতে পারি। এমনকি আরও বিরক্তিকর এই যে সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা কৌশল এখনও নিউ ইয়র্কের আদালতে ব্যবহার করা হচ্ছে। যৌন অভ্যাস বা লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে অন্যদের আক্রমণ করে সেসব ব্যক্তির জন্য কোনো অজুহাত নেই, বিবাদীর শাস্তি সম্পূর্ণরূপে তাদের অপরাধের প্রকৃতির উপর ভিত্তি করে হওয়া উচিত। আমি যে সংস্থার প্রধান সেই গ্রেটার নিউ ইয়র্কের LGBT বার অ্যাসোসিয়েশন এবং ন্যাশনাল ট্রান্স বার অ্যাসোসিয়েশন এবং নিউইয়র্কের একজন গর্বিত ভিন্ন লিঙ্গ হিসাবে এসব বিল পাস করার ক্ষেত্রে সমর্থন প্রদানের এবং এম্পায়ার স্টেট জুড়ে LGBTQ ব্যক্তিদের অধিকার এগিয়ে নেয়ার জন্য গভর্নর কুওমো'র কাছে আমি অত্যন্ত কৃতজ্ঞ।"

পারিবারিক সমতা পরিষদের (Family Equality Council) প্রধান নির্বাহী কর্মকর্তা দ্য রেভ স্ট্যান জে. স্লোয়ান বলেন, "আমি গর্বিতভাবে সমগ্র LGBTQ কমিউনিটি'র জন্য বৃহত্তর সমতার লক্ষ্যে গভর্নর কুওমো'র লড়াইয়ে তার সঙ্গে যোগদান করছি। এই উভয় বিলের উত্তরণ যারা দীর্ঘদিন ধরে তাদের পরিবার গঠনে এবং ফৌজদারি বিচার ব্যবস্থায় অসহনশীলতা ও বৈষম্যের সম্মুখীন হয়েছে সেই কমিউনিটির অধিকার এগিয়ে নিতে একান্ত প্রয়োজন। সম লিঙ্গের দম্পতিদের পরিবার গঠনের বিকল্প সম্প্রসারণ করে এবং সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষায় আঘাত করে এসব বিল নিউ ইয়র্ক জুড়ে LGBTQ ব্যক্তিদের জন্য সমতার লক্ষ্যে আরেকটি পদক্ষেপ নেবে। অধিবেশন দ্রুত সমাপ্তির দিকে যাওয়ার আগেই এই অতি গুরুত্বপূর্ণ বিলগুলির উপর ব্যবস্থা গ্রহণের জন্য আমি আইনসভার প্রতি আহ্বান জানাচ্ছি।"

ভ্যান ডেগনা পরিবার বলে, "নিউইয়র্কের অনেক দম্পতি তাদের নিজস্ব পরিবার শুরু করার জন্য সংগ্রাম করেছে, এবং আমি আপনাকে প্রথমেই বলতে পারি যে আপনার বিকল্পসমূহ এতই সীমিত যে তা জেনে মানসিক আঘাত পেতে হয়। নিউইয়র্ক সবসময়ই LGBTQ এবং নারীর অধিকারের ক্ষেত্রে নেতৃত্ব দিয়েছে, এবং এটি বিবেক বর্জিত যে, প্রতিনিধিত্বমূলক গর্ভধারণ নিউইয়র্কে এখনো নিষিদ্ধ এবং কোনো বন্ধ্যা বা LGBTQ দম্পতি পরিবার শুরু করার জন্য চিকিৎসার এই অগ্রগতির সুবিধা গ্রহণ করতে পারে না। আগ্রহী বাবামা এবং প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকারী এই অবিশ্বাস্য যাত্রার জন্য কাছাকাছি আসতে সক্ষম হলে আমাদের অঙ্গরাজ্যের মধ্যে কি পরিমাণ প্রেমের প্রবাহ সৃষ্টি হবে

তা কল্পনা করুন। নিউইয়র্কের পদক্ষেপ গ্রহণ এবং প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে চিরকালের জন্য বৈধতা দানের সময় এখন এসেছে এবং এই লড়াইয়ে নেতৃত্ব প্রদানের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি।"

ল্যামডা লিগ্যালের (Lambda Legal) অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড বার্ন্স বলেন, "প্রতিনিধিত্বমূলক গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা দূর করাটা নিউ ইয়র্কে LGBTQ কমিউনিটি'র জন্য পূর্ণ সমতা আনার ক্ষেত্রে পরবর্তী পদক্ষেপ। এটা অত্যাবশ্যক যে, নিউইয়র্কের LGBTQ ব্যক্তিরা প্রেমময় পরিবার গঠন করতে এবং "সমকামী আতঙ্ক" ও "ভিন্ন লিঙ্গ আতঙ্ক" জনিত তথাকথিত প্রতিরক্ষা দ্বারা স্থায়ীভাবে আবর্তিত আমাদের কমিউনিটিগুলোর বিরুদ্ধে পরিচালিত সহিংসতার দুষ্ট চক্র থেকে মুক্ত হতে সক্ষম হবে। আইনসভাকে অবশ্যই অধিবেশন সমাপ্তির আগে এসব বিষয়ে আইন প্রণয়ন করতে হবে, অন্যথায় LGBTQ সমতার ক্ষেত্রে নেতৃস্থানীয় অঙ্গরাজ্য হিসাবে নিউ ইয়র্ক এর খ্যাতি ধরে রাখতে ব্যর্থতার ঝুঁকিতে পড়বে। ল্যামডা লিগ্যাল এসব বিষয়ের পক্ষে শক্তিশালী অবস্থানের জন্য গভর্নরের প্রশংসা করে।"

2013 সালে হত্যার শিকার এবং যার উপর হামলাকারীরা ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা ব্যবহার করেছিল সেই ইসলান নেটলস এর মা ডেলোরস নেটলস বলেন, "গোঁড়া ব্যক্তিদের জন্য সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা হিংসাত্মক ব্যক্তিদের জঘন্য অপরাধ থেকে নিষ্কৃতি পাওয়ার ক্ষেত্রে একটি ন্যক্কারজনক অজুহাত, এবং নিউইয়র্ক অঙ্গরাজ্যে এর কোনো স্থান নেই। কোনো ঘৃণাজনিত অপরাধে সন্তান হারানো যে কোনো বাবামাকে এই ভয় পেতে হয় না যে, তাদের সন্তানের আক্রমণকারী পক্ষপাতদুষ্ট ফাঁক-ফোকরের কারণে কম শাস্তি পাবে বা এমনকি মুক্তি পেয়ে যাবে। আমি কৃতজ্ঞ যে গভর্নর কুওমো এসব প্রতিরক্ষা নিষিদ্ধ করার প্রচেষ্টায় এবং নিউ ইয়র্ককে নিরাপদ, LGBTQ কমিউনিটির জন্য আরও বেশি ন্যায্য স্থান করার তার প্রতিশ্রুতিতে নেতৃত্ব দিচ্ছেন।"

GMHC এর নীতি বিষয়ক কর্মী ব্রায়ান রোমেরো বলেন, "HIV/AIDS আক্রান্ত এবং LGBTQ কমিউনিটিগুলোকে দৃশ্যমান করার লক্ষ্যের অংশ হিসাবে সমকামী পুরুষদের স্বাস্থ্য সংকট (Gay Men's Health Crisis, GMHC) প্রতিষ্ঠা করা হয়েছিল। বর্তমানে নিউইয়র্ক অঙ্গরাজ্যের গভর্নর অ্যান্ড্রু কুওমো প্রতিনিধিত্বমূলক গর্ভধারণ সংক্রান্ত নিষ্ঠুর আইন এবং তথাকথিত সমকামী ও ভিন্ন লিঙ্গ আতঙ্কজনিত আইনি প্রতিরক্ষা বাতিল করার ক্ষেত্রে তার নেতৃত্ব অব্যাহত রেখেছেন। সমস্ত নিউ ইয়র্কবাসীর পরিবার গঠন করার সক্ষমতা থাকা উচিত। প্রতিনিধিত্বমূলক গর্ভধারণ, সম লিঙ্গের-দম্পতি এবং বন্ধ্যাত্ব নিয়ে কাজ করা দম্পতিদের অধিকার ছাড়া আমাদের অঙ্গরাজ্যে তাদের সন্তান ধারণের কোনো ব্যবস্থা নেই। এছাড়া, কারো এটা মনে করা উচিত নয় যে, আইনের সহায়তা থাকলেই তারা নিউ ইয়র্কবাসী LGBTQ ব্যক্তিদের হত্যা করতে পারে, বিশেষ করে বর্ণ বিশিষ্ট ভিন্ন লিঙ্গের নারীদের। আসন্ন স্টোনওয়াল বিদ্রোহের বার্ষিকী উদযাপন করার প্রেক্ষিতে আমরা এই আইন পাস করার জন্য আইনসভার প্রতি আহ্বান জানানোর ক্ষেত্রে (না হওয়া পর্যন্ত অ্যালবানি না ছেড়ে যাওয়া) গভর্নরের সাথে যোগ দিচ্ছি।"

বারবারা জয় বিটাস বলেন, "যাদের কন্ঠ নীরব, যাদের প্রতি বৈষম্যমূলক আচরণ করা হয়েছে এবং যাদের সম-অধিকার প্রদান করা হয়নি তাদের পক্ষে গভর্নর কুওমো দীর্ঘদিন ধরে চ্যাম্পিয়ন।

আজ আমি এই দু'টি গুরুত্বপূর্ণ আইনি বিষয়ে পদক্ষেপ গ্রহণের দাবি করার এবং তা দ্বিগুণ জোরালো করার ক্ষেত্রে গভর্নরের সাথে যোগ দিচ্ছি। আমরা এই অঙ্গরাজ্যে বৈষম্যের পক্ষে অবস্থান নেব না, এবং এসব বিলের উত্তরণের মাধ্যমে সমস্ত নিউইয়র্কবাসীর বৃহত্তর সমতার ক্ষেত্রে সামনের দিকে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ ফেলা হবে।"

প্রশাসন জুড়ে LGBTQ অধিকারের ক্ষেত্রে, বিশেষ করে 2011 সালে বিবাহ সমতা আইন পাস করার মাধ্যমে গভর্নর কুওমো চ্যাম্পিয়ন। চলতি বছর আরও আগে গভর্নর লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে কোনো ব্যক্তির প্রতি বৈষম্য প্রদর্শন প্রতিরোধ করে এবং লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে করা অপরাধকে নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের আইনের অধীনে ঘৃণাজনিত-অপরাধ হিসেবে চিহ্নিত করে লিঙ্গ পরিচিতির ভিত্তিতে বৈষম্যহীনতা আইনে স্বাক্ষর করেন। এছাড়াও শিক্ষা আইনের অধীনে পেশাদারি অসদাচরণের সংজ্ঞা সম্প্রসারিত করে তাতে আঠার বছরের কম বয়সী কোনো রোগীকে রূপান্তর থেরাপি প্রদান লাইসেন্সধারী পেশাদারদের জন্য অসদাচরণ হিসাবে এর সংজ্ঞা সম্প্রসারিত করতঃ রূপান্তর থেরাপির চর্চা নিষিদ্ধ করেও গভর্নর আইনে স্বাক্ষর করেছেন।

অতি সম্প্রতি, অতি গুরুত্বপূর্ণ সাশ্রয়ী যত্নের আইনের (Affordable Care Act) সংস্থানের সম্ভাব্য রদের আশঙ্কায়, গভর্নর স্বাস্থ্য অধিদপ্তরকে (Department of Health) নির্দেশ দেন এই নিয়ম করতে যেন স্বাস্থ্য যত্ন প্রদানকারীরা ট্রান্সজেন্ডার রোগীর প্রতি বৈষম্য প্রদর্শন না করতে পারে এবং আর্থিক সেবা অধিদপ্তরকে (Department of Financial Services) নির্দেশ দেন এই নিয়ম করতে যেন স্বাস্থ্যবীমা পাওয়ার ব্যাপারে ট্রান্সজেন্ডার ব্যক্তিদের প্রতি বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা বৃদ্ধি করা হয়। লিঙ্গ ভিত্তিক বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষায় লিঙ্গ পরিচিতিও অন্তর্ভুক্ত, সাশ্রয়ী যত্ন আইনে উল্লিখিত যে নিয়ম রয়েছে তা রদ করার জন্য ট্রাম্প প্রশাসনের প্রস্তাবনার প্রতি সরাসরি উত্তর হল এই নির্দেশগুলি। এই সুরক্ষা অপসারণ করা হলে, প্রায় 90,300 ট্রান্সজেন্ডার নিউ ইয়র্কবাসী অন্যায্য, অমার্জিত এবং অবৈধ বৈষম্যের শিকার হতো।

2017 সালে ফেডারেল সরকার ট্রান্সজেন্ডার শিক্ষার্থীদের ফেডারেল সুরক্ষা প্রত্যাহার করে নিলে, তার উত্তরে গভর্নর স্টেটের শিক্ষা অধিদপ্তরকে (State Education Department) নির্দেশ দেন যে স্কুল জেলাগুলিতে এমন নিয়ম করে দিতে যেন নিউ ইয়র্ক স্টেট আইনের অধিক স্কুলগুলিতে ট্রান্সজেন্ডার শিক্ষার্থীরা বৈষম্য ও হয়রানির হাত থেকে সুরক্ষা পায়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন